

ঢাকা ওয়াসা

- (১) অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের কর্ম-পরিকল্পনায় কপি।
- (২) বিভিন্ন পাম্প স্টেশনের পাম্প-মোটরের সার্ভে রিপোর্ট।
- (৩) পূর্বানুমোদিত দর ও রেট সিডিউলের কপি।
- (৪) আলোচ্য কাজের প্রাক্কলন।
- (৫) আলোচ্য কাজের প্রতিবেদন।

বিষয়ঃ Withdrawn & Replacement of 50(fifty) nos. sub-pump motor set at different pump stations under MODS Circle-2, DWASA (Lot-4) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

১.০। এফ.এম.বিভাগ-২ এর আওতায় বর্তমানে ৭০০ টির ও অধিক গভীর নলকূপ চালু আছে। নতুন কূপ স্থাপনের পাশাপাশি প্রতিস্থাপিত, রিজেনারেশনকৃত ও রিহ্যাবিলিটেশন কূপ চালু করে Dual Pump চালানোর জন্য এই নলকূপের সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। অন্যদিকে এফ.এম.বিভাগ-২ এর জনবল পূর্বের তুলনায় অনেক কম। বদলী, অবসর, মৃত্যু বরণ ইত্যাদি কারনে পদ শূন্য হলেও নতুন নিয়োগ বা অন্য বিভাগ থেকে বদলী করে উক্ত শূন্য পদ পূরণ করা হচ্ছে না। কিন্তু পানি সরবরাহ স্বাভাবিক রাখতে মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ বন্ধ রাখা বা বিলম্বিত করা সম্ভব নয়। রাতের বেলা যে কোন সময় অথবা একই সাথে একাধিক পাম্প ব্রেক ডাউন হলে এই অধিক সংখ্যক ব্রেক-ডাউন কাজ সীমিত সংখ্যক বিভাগীয় জনবল দ্বারা সম্পাদন করা সম্ভব হচ্ছে না, বিধায় ঠিকাদারের মাধ্যমে অতিরিক্ত ব্রেক-ডাউন কাজ করার প্রয়োজন আছে। উল্লেখ্য যে, অত্র বিভাগে কয়েকজন হেলপার, ইলেকট্রিশিয়ান ও ড্রাইভার অবসরকালীন ছুটিতে গমন এবং মৃত্যুবরণ করেছেন। যার কারনে অভিযোগ টিমে ও ব্রেক ডাউন টিমে লোকবল সংকট দেখা দিয়েছে। উল্লেখ্য যে, আউটসোর্সিং টিম এর সাথে দৈনিক হাজিরা ভিত্তিতে চুক্তি করা আছে বিধায় আউটসোর্সিং এর টিম দিয়ে একদিনে একাধিক ব্রেকডাউন কাজ করানো সম্ভব না। তাছাড়া আউটসোর্সিং টিমকে ব্রেকডাউনের জন্য প্রয়োজনীয় গাড়ি, চেইনপুলী, ট্রাইপড বিভাগীয় ভাবে প্রদান করতে হয়। অন্যদিকে ব্রেকডাউনের জন্য ফ্রেমওয়ার্ক ভিত্তিতে চুক্তি করা হলে ঠিকাদারকে Per Job ভিত্তিতে Payment করা হবে। কোন দিন কাজ না থাকলে কোন Payment করতে হবে না এবং এক দিনে একাধিক Breakdown কাজের চাহিদা মোতাবেক করানো যাবে। Breakdown কাজে প্রয়োজনীয় গাড়ি, চেইনপুলী, ট্রাইপড ঠিকাদার প্রদান করবে। এজন্য Breakdown কাজের জন্য ঠিকাদারের মাধ্যমে Framework ভিত্তিতে চুক্তি করা লাভজনক। বিগত ৮/১০ মাসে এফ.এম বিভাগ-২ হতে বদলী জনিত কারনে, বার্ষিক্য জনিত কারনে এবং অবসর গ্রহণের জন্য ব্রেকডাউন ৫টি গ্যাং হতে লোকবল পুনর্বিন্যাস করে ৩টি গ্যাং এর মাধ্যমে কাজ করানো হচ্ছে। সকাল ৮.০০ টা, দুপুর ৩.০০ টা এবং রাত ৮.০০ টার রোস্টার করা গ্যাং দিয়ে ব্রেকডাউন কাজ করা হয়। রাত্রি কালীন সময় অথবা দুই গ্যাং এর রোস্টারের মধ্যে কোন ব্রেকডাউন কাজ করার জন্য ঠিকাদারের ১টি গ্যাং এর চুক্তি করা আছে। এভাবে একদিনে সর্বোচ্চ ৪টি পর্যন্ত ব্রেকডাউন কাজ করা সম্ভব হয়। রোস্টার ডিউটি শেষ হওয়ার পর অল্প সময়ের ব্যবধানে একাধিক ব্রেকডাউন হলে সেক্ষেত্রে তা পরের দিনের জন্য পেন্ডিং রাখা হয়। এমন পরিস্থিতি মোকাবিলার জন্য শুষ্ক মৌসুমের প্রস্তুতি হিসেবে আরেকটি ঠিকাদারের গ্যাং এর সাথে চুক্তি করে রাখা জরুরী। চলমান শুষ্ক মৌসুমে ব্রেক ডাউনের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় দ্রুততম সময় পাম্প চালু করার জন্য ঠিকাদারের মাধ্যমে Breakdown এর ৫০টি ব্রেক ডাউন কাজের একটি নথি অনুমোদন করা আছে। ইতিমধ্যে চলতি শুষ্ক মৌসুমে মডস জোনের বর্ধিত চাহিদা অনুযায়ী পানির সরবরাহ স্বাভাবিক রাখার জন্য ও শুষ্ক মৌসুমে এই কাজ ধারাবাহিকতায় অব্যাহত রাখার জন্য আরও ৫০টি ব্রেকডাউন কাজের নথি অনুমোদন করে রাখা প্রয়োজন হবে। সেই প্রেক্ষিতে বিভাগীয় জনশক্তির সংখ্যাতিরিক্ত ব্রেক-ডাউন কাজগুলো ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের জন্য অনুমোদিত রেট সিডিউলের দর এবং পূর্বানুমোদিত দরের ভিত্তিতে ৫০টি (পঞ্চাশ) টি পাম্প-মোটর সেট উত্তোলন ও প্রতিস্থাপনসহ আনুষঙ্গিক কাজের একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যাতে প্রাক্কলিত টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ১৪,৮২,৪০৪.২৪০/- (চৌদ্দ লক্ষ বিরাশি হাজার চারশত চার দশমিক দুই চার শূন্য) টাকা মাত্র। উল্লেখ্য যে, আলোচ্য কাজের পূর্ববর্তী অনুরূপ নথির প্রাক্কলণটি ট্রান্সফোর্স-২ টীম হতে রিভিউ করা হয়েছে (কপি সংযুক্ত)। আলোচ্য কাজ সম্পাদনে প্রয়োজনীয় সকল মালামাল সাব-পাম্প, ক্যাবল, নাট-বোল্ট, ওয়াসার, ক্যাবল গার্ড, গ্যাসকিট, কলাম পাইপ ইত্যাদি বিভাগীয় সরবরাহ করা হবে। Breakdown কাজে প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমনঃ গাড়ী, ট্রাইপড, চেইনপুলি প্রভৃতি ঠিকাদার সরবরাহ করবে। তবে একই সাথে দুটি Breakdown কাজ ঠিকাদারের মাধ্যমে করতে হলে দ্বিতীয় কাজটি দ্রুত সম্পাদনের লক্ষ্যে বিভাগীয় প্রয়োজনে ট্রাইপড, গাড়ী ও চেইনপুলি বিভাগীয় ভাবে ঠিকাদারকে ব্যবহার করতে দেয়া হবে। এই কাজে প্রয়োজনীয় লোকবলের পাশাপাশি গাড়ী, ড্রাইভার, চেইনপুলি, ট্রাইপড সকল কিছু ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়। অন্যদিকে আউটসোর্সিং জনবল দ্বারা করা হলে আউটসোর্সিং এর ঠিকাদারের সাথে মাস হিসাবে চুক্তি করা হবে এবং মাসের যে যে দিন কোন ব্রেক-ডাউন কাজ থাকবে না ঐ দিন ও বিল প্রদান করতে হবে। পাশাপাশি গাড়ী, ড্রাইভার, চেইনপুলি, টুলস সরবরাহ করতে হবে। বিধায় আউটসোর্সিং এর মাস ভিত্তিক চুক্তির ঠিকাদারের চেয়ে per job ভিত্তিক Framework Contract ঠিকাদারের মাধ্যমে ব্রেক-ডাউন কাজ করানো আর্থিকভাবে লাভজনক।

এফ.এম.বিভাগ-২ এর Breakdown কাজটি বিশেষ ধরনের কাজ এবং রাত-দিন ২৪ ঘন্টায় যখনই Breakdown হয় তাৎক্ষনিক তা মেরামতের জন্য কার্যক্রম গ্রহন করতে হয়, তাই কাজটি করতে এ ধরনের কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন লোকবল প্রয়োজন হয়। কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে এবং তাৎক্ষনিক Breakdown কাজ করার লক্ষ্যে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন ঢাকা ওয়াসায় তালিকাভুক্ত ঠিকাদারের মাধ্যমে LTM (e-GP) পদ্ধতিতে সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাতের কর্ম-পরিকল্পনায় ক্রমিক নং-৮৪ হতে নির্বাহ করা হবে এবং সংশোধিত কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হবে। আলোচ্য কাজটির অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের এখতিয়ারধীন।

১.২। আলোচ্য ক্রয় কার্যক্রমটি পিপিআর-২০০৮ এর ৬৩ বিধির উপ-বিধি ১ মোতাবেক Limited Tender Method (LTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য ক্রয় কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, F.M Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে এবং STD Form e-PW2(b) অনুসরনে আলোচ্য কাজের টেন্ডার ডকুমেন্ট তৈরী করা হবে।

১.৩। এমতাবস্থায়, জরুরী পানি সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে জনস্বার্থে বিভাগীয় জনশক্তির সংখ্যাতিরিক্ত পাম্প ব্রেক-ডাউন কাজগুলো করার লক্ষ্যে Withdrawn & Replacement of 50(fifty) nos. sub-pump motor set at different pump stations under MODS Circle-2, DWASA (Lot-4) কাজে উপস্থাপিত মোট= ১৪,৮২,৪০৪.২৪০/- (চৌদ্দ লক্ষ বিরাশি হাজার চারশত চার দশমিক দুই চার শূন্য) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদন সহ সীমিত দরপত্র পদ্ধতিতে LTM (e-GP) দরপত্র আহবানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

০৬.০৪.২৬
মোঃ শরীফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২ ঢাকা ওয়াসা

AE
05.04.26
Md. Mahabubul Haque Pramanik
Assistant Engineer
FMD-2, Dhaka WASA

05/04/26
(শেখ আরিফ রহমান জিউ)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

০৪/মতামত প্রদানের অনুরোধ করা হল।

Convenor
Task force-2

5/4/26
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

২০২৫-২৬ অর্থ বছর - ২

06/04/26
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আব্দুল মজিদ
চাকরোয়া ডিবি-২
ঢাকা ওয়াসা।

07.04.2026

ঢাকা ওয়াসা

১.৫। আলোচ্য কাজের প্রাক্কলন (সংযুক্তি ৪) যাচাই-বাছাই করা হল। যাচাই-বাছাই এর পর Task Force-2 হতে নিম্নোক্ত পর্যবেক্ষণ সমূহ দেয়া যেতে পারে:

- শুক্ক মৌসুমে পানি সরবরাহ স্বাভাবিক রাখতে এফ.এম বিভাগ-২ এর অন্তর্গত ৭০০টি গভীর নলকূপের অনেকগুলোতেই ব্রেকডাউনের কাজ করার প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। তাই কাজটি গুরুত্বপূর্ণ ও জরুরী হিসেবে বিবেচনা করা যেতে পারে।
- উপস্থাপিত প্রাক্কলনটি ঢাকা ওয়াসা এর রোট শিডিউল এবং পূর্বানুমোদিত দর এর ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে, যা যাচাই-বাছাই এর পর সঠিক হিসেবে পাওয়া গিয়েছে।
- উক্ত কাজটি জরুরী বিধায় এর ব্যয়ভার এফ এম বিভাগ-১ এর ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দকৃত বাজেট এর পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত এর কর্ম পরিকল্পনায় ক্রমিক নং - ৮৪ হতে নির্বাহ করা যেতে পারে।

উপর্যুক্ত পর্যবেক্ষণসমূহের প্রেক্ষিতে প্রস্তাবনা অনুযায়ী Withdrawal and Replacement of 50 (fifty) no's sub-pump motor set at different pump stations under MODS Circle-2, DWASA (Lot-4) শীর্ষক কাজটি সম্পাদন করার অনুমোদন দেয়া যেতে পারে।

Member - Secretary
Task Force-2

অধ্যক্ষ, টাস্কফোর্স-২

মোঃ নাফিজ আহমদ
নির্বাহী প্রকৌশলী
সাহায্য-কেন্দ্রীয় ওয়েবসাইট, ঢাকা ওয়াসা
ও সদস্য
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

০৭.০৪.২০২৬
এস.এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পি এন্ড ডি (পানি ও স্বচ্ছতা) বিভাগ
ও সদস্য সচিব
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহ্বায়ক
টাস্কফোর্স টিম-২
ঢাকা ওয়াসা।

সি.এ.পি.ই.এম.
E&I FM-2

০৮.৪.২০২৬
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

০৭.০৪.২০২৬
সি.এ.পি.ই.এম.
E&I FM-2

১.৭। বিষয়বর্ণিত কাজটির প্রয়োজনীয়তা ও প্রাক্কলনের বিষয়ে টাঙ্কফোর্স টিম সুপারিশসহ মতামত প্রদান করেছেন। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে Withdrawn & Replacement of 50 (fifty) nos. sub-pump motor set at different pump stations under 4 MODS Circle-2, DWASA (lot -4) কাজে উপস্থাপিত=১৪,৮২,৪০৪.২৪০/- (চৌদ্দ লক্ষ বিরাশি হাজার চারশত চার দশমিক দুই চার শূন্য) মাত্র টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ সীমিত দরপত্র LTM (e-Gp) পদ্ধতি এ দরপত্র আহবান করার অনুমোদন দেয়া যেতে পারে। উক্ত কাজের ব্যয়ভার এফ.এম বিভাগ-২ এ ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত” এর ক্রমিক নং-৮৪ হতে নির্বাহ করা যেতে পারে। নথির অনুমোদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন। সদয় অনুমোদনের জন্য পেশ করা হল।

13-04-26
Md. Shahadat Hossain
Sub-Assistant Engineer
F.M. Division-2, Dhaka WASA

মোঃ আমিনুল হক
সহকারী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

(শেখ আরিক রহমান জিতু)
নির্বাহী প্রকৌশলী
এফ.এম. বিভাগ-২, ঢাকা ওয়াসা

মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই. এফ.এম. সার্কেল
ঢাকা ওয়াসা।

শওকত আহম্মদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

মিজা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (আদায়)
ঢাকা ওয়াসা।

মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।